



পাকুন্দিয়া পৌরসভা কার্যালয়

উপজেলা : পাকুন্দিয়া, জেলা : কিশোরগঞ্জ।

স্মারক নং-পাসু/পৌর/প্রশা/২০২২/২৫-৬

তারিখঃ ২২/০২/২০২২খ্রিঃ

অফিস আদেশ

স্থানীয় সরকার পৌরসভার আইন ২০০৯ এর ধারা ৫৫ অনুসারে ৩০/০১/২০২২খ্রিঃ তারিখের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী আড়াই বৎসরের জন্য নিম্নরূপ স্থায়ী কমিটি গঠন করা হল।

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব হাছান মামুন	কাউন্সিলর ওয়ার্ড নং ০৩	সভাপতি
০২	জনাব মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ	মেয়র	সদস্য
০৩	জনাব নাছির উদ্দিন	কাউন্সিলর ওয়ার্ড নং ০৭	সদস্য
০৪	বেগম মোছাঃ নাছরিন আক্তার (প্রিয়া)	কাউন্সিলর সংরক্ষিত আসন -১,২,৩	সদস্য
০৫	বেগম মোছাঃ উম্মে কুলসুম	কাউন্সিলর সংরক্ষিত আসন -৪,৫,৬	সদস্য

কমিটির কার্যপরিধি :

- ১। পৌরসভার সকল আয় ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করিতে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;
- ২। সকল প্রকার আদায় ও জমার হিসাব নিয়মিত যাচাই বাছাই করা;
- ৩। সরকারী বিধি বিধান (নির্ধারিত ফরম ও পদ্ধতি অনুসরণে) অবলম্বনে পৌরসভার যাবতীয় হিসাব ও কর্মকাণ্ড পরিচালনা করা হয় কিনা যাচাই করা;
- ৪। যচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পৌরসভার সকল প্রকার আয়-ব্যয়ের হিসাব জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের সহায়তা করা;
- ৫। আয়-ব্যয়ের হিসাব বৎসরে একবার নিরীক্ষা করা এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌরসভার সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ;
- ৬। হিসাব শাখাকে পরিপূর্ণভাবে কম্পিউটারাইজ করিতে পরিকল্পনা গ্রহণন ও বাস্তবায়নে সহযোগিতা করা;
- ৭। নির্ধারিত সময় পর পর পৌরসভার যাবতীয় আয়-ব্যয় অভ্যন্তরীণ নিরীক্ষা করা;
- ৮। হিসাব সংক্রান্ত কম্পিউটার সফটওয়্যার চালু থাকিলে পৌরসভার হিসাব ব্যবস্থাপনায় তা ব্যবহার অব্যাহত রাখা;
- ৯। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);
- ১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

২২/০২/২০২২
২২-০২-২০২২
(মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ)

মেয়র
পাকুন্দিয়া পৌরসভা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১। জনাব-----কাউন্সিলর (সকল) পাকুন্দিয়া পৌরসভা।

২। সচিব, পাকুন্দিয়া পৌরসভা।

৩। সহকারী প্রকৌশলী, পাকুন্দিয়া পৌরসভা।